2

দৈনিক সংবাদ

তারিখ 04 APR 1997
পৃষ্ঠা 7 কলাম 2

# এবারে পরীক্ষার প্রোগ্রাম বিক্রি

(নিজস্ব বার্তা পরিবেশক)

মানিকগঞ্জ, ৩১শে মার্চ।– এবার প্রশ্নপত্র নয়, আসন্ন এইচএসসি পরীক্ষার 'প্রোগ্রাম' মানিকগঞ্জে ফটোকপি করে বিক্রি হচ্ছে। গত ৩/৪ দিন ধরে শহরের একটি ফটোস্ট্যাটের দোকান থেকে প্রতিকপি ২টাকা থেকে ৫ টাকা করে বিক্রি হচ্ছে। পরীক্ষার্থীরা ব্যাপক হারে 'প্রোগ্রাম'–এর ফটোকপি কিনছে। জানামতে এখনও বোর্ড কর্তৃপক্ষ আগামী ৮ই মে অনুষ্ঠেয় উচ্চ মাধ্যমিক পরীক্ষার 'প্রোগ্রাম' প্রকাশ করেননি।

যে 'প্রোগ্রামটি' ফটোকপি করে বিক্রি করা হচ্ছে তাতে লেখা রয়েছে, 'মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম। উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা ১৯৯৭–এর সময়সূচি।' আরও লেখা রয়েছে ''এতদ্বারা সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, ৫টি শিক্ষা বোর্ডের ১৯৯৭ইং সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। বিশেষ প্রয়োজনবোধে বোর্ড কর্তৃপক্ষ এই সময়সূচি পরিবর্তন করতে পারবেন।' শেষে লেখা রয়েছে 'মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডসমূহের পক্ষে'। পক্ষের কোন স্বাক্ষর নেই, নাম–পরিচয় নেই।

'প্রোগ্রামে' পরীক্ষা শুরুর তারিখ রয়েছে ৮ই মে, শেষ ১৭ই জুন। ব্যবহারিক পরীক্ষার তারিখও দেয়া রয়েছে।